



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৫০

আগামীকাল রাজশাহী আসবেন খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২৮ পৌষ (১২ জানুয়ারি):

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার এমপি আগামীকাল একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি সকাল ১০টায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

শুক্রবার (১৩ জানুয়ারি) তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজশাহী আগমন উপলক্ষে রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটরিয়ামে আয়োজিত রাজশাহী জেলা ও মহানগর আওয়ামী লীগের নেতৃবৃন্দের সাথে রাজশাহী বিভাগের দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দের মতবিনিময় সভায় যোগদান করবেন।

এদিন মন্ত্রী দুপুর সাড়ে বারোটায় তিনি সড়কপথে নওগাঁর উদ্দেশে রাজশাহী ছেড়ে যাবেন।

.....  
তৌহিদ/সিকান্দার/হালিম/২০২৩/২০.০০ঘ.